**একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত**

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭- ২৪৪ তারিখ ২২.০১.২০১৮খ্রি.।

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষ অবর্তমানে জ্যৈষ্ঠতম শিক্ষক **(ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে)**-এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষর প্রসঙ্গে।

সূত্রঃ (১) হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ (জনাব মুহাঃ আফজাল হোসাইন) এর আবেদন তারিখঃ২৬.০৮.২০১৭খ্রি.।
(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-৭৮৪ তারিখঃ১৬.১০.২০১৭ খ্রিঃ।
(৩) হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার শিক্ষক-কর্মচারী কর্তৃক আবেদন তারিখঃ২৬.১২.২০১৭খ্রি।
(৪) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/রেজিঃ/প্রশাঃ/২০১৫/৪০৭৩ তারিখ: ০১.১১.২০১৭ খ্রিঃ।
(৫) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ তারিখঃ০৬.০৬.২০১১ খ্রি.।
(৬) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখঃ০৯.০৭.২০১২ খ্রি.।
(৭) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭ তারিখঃ২৩.০৬.২০১৬ খ্রি.।
(৮) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১১.০০২.১৬-৪৩৪ তারিখঃ০১.০১.২০১৮ খ্রিঃ।
(৯) জনাব মোঃ রাফিউল ইসলাম বিজ্ঞ আইনজীবি,সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ ও লিগ্যাল এডভাইজার,মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর জবাবী পত্র, তারিখঃ ২১.০১.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ১ নং স্মারক মূলে হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ (জনাব মুহাঃ আফজাল হোসাইন) কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মদরাসার গভর্ণিং বডির মেয়াদ ৩০.০৫.২০১৭খ্রিঃ তারিখে শেষ হয়ে যায়।

০২. বর্ণিত মাদরাসার গভর্নিং বডির সভাপতির বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে মামলা থাকায় (মামলা নং-১২৭৪৯/১৬) যথা সময়ে নিয়মিত গভর্নিং বডি গঠন সম্ভব না হওয়ায় বিধি মোতাবেক মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রোস্থ ২ নং স্মারকে (কপি সংযুক্ত) বর্ণিত মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মুহাঃ আফজাল হোসাইন (উপাধ্যক্ষ) এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের প্রতিস্বাক্ষরে মাদরাসাটির শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের নিমিত্ত এ অধিদপ্তর কর্তৃক অনুমতি প্রদান করা হয়।

০৩.পরবর্তীতে রিট পিটিশন নং- ১৫৯৯২/২০১৭ (কপি সংযুক্ত) এর আদেশের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক সূত্রোস্থ ২ নং স্মারকের অফিস আদেশ {(ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মুহাঃ আফজাল হোসাইন (উপাধ্যক্ষ) এর স্বাক্ষরে বেতন-ভাতা উত্তোলেন)} স্থগিত (stay) করা হয়। ফলে তিনি (ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মুহাঃ আফজাল হোসাইন) বেতন-বিলে স্বাক্ষর করতে পারছেন না মর্মে সূত্রোস্থ ৩নং স্মারক মূলে বর্নিত মাদরাসার শিক্ষক-কর্মচারী কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০৪. সূত্রোস্থ ৪ নং স্মারক পত্রে উল্লিখিত হয়েছে " মাদরাসায় উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন" (কপি সংযুক্ত)।

০৫. সূত্রোস্থ ৫ ও ৬ নং স্মারক পত্রেও অধ্যক্ষের অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে উল্লিখিত হয়েছে (কপি সংযুক্ত)।

০৬.উল্লেখ্য যে, বর্ণিত মাদরসার শিক্ষক-কর্মচারী কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত শিক্ষক তালিকা পর্যালোচনায় দেখা যায় যে, এমপিও প্রাপ্তির -এর ভিত্তিতে জনাব মোঃ আব্দুছ ছামাদ,সহকারী অধ্যাপক (বাংলা) হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষক (কপি সংযুক্ত)।

০৬. বর্ণিত অবস্থায় বর্ণিত মাদরাসায় বর্তমানে নিয়মিত কমিটি/এডহক কমিটি না থাকায় এবং রিট পিটিশন নং- ১৫৯৯২/২০১৭ এর কারণে অধ্যক্ষের (শূণ্য) পদে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ ) এর দায়িত্ব পালন করার সুযোগ না থাকায় তথা রিট পিটিশন নং- ১৫৯৯২/২০১৭ এর আদেশের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক সূত্রোস্থ ২ নং স্মারকের অফিস আদেশ {(ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মুহাঃ আফজাল হোসাইন (উপাধ্যক্ষ) এর স্বাক্ষরে বেতন-ভাতা উত্তোলেন)} স্থগিত (stay) হয়ে যাওয়ায় বর্ণিত মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে সূত্রোস্থ ৩,৪ ও ৫ নং স্মারক মতে বর্ণিত মাদরসার জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোঃ আব্দুছ ছামাদ এর স্বাক্ষরে এবং সূত্রোস্থ ৭ নং স্মারক মতে জেলা প্রশাসক,ঢাকা মহোদয়ের প্রতিস্বাক্ষরে বেতন-ভাতা উত্তোলন বিধি সম্মত হবে কি-না- এ বিষয়ে সূত্রোস্থ ৮ নং স্মারক মূলে (কপি সংযুক্ত) আইনি মতামত চেয়ে জনাব মোঃ রাফিউল ইসলাম, বিজ্ঞ আইনজীবি,সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ ও লিগ্যাল এডভাইজার,মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৭. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আবেদনের প্রেক্ষিতে উপরিউক্ত বিষয়ে সূত্রোস্থ ৯ নং স্মারক মূলে (কপি সংযুক্ত) জনাব মোঃ রাফিউল ইসলাম, বিজ্ঞ আইনজীবি,সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ ও লিগ্যাল এডভাইজার,মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক এ বিষয়ে নিম্নে বর্ণিত রূপে আইনি মতামত প্রদান প্রদান করা হয়-" There appears to be no Legal bar on the senior most teacher of said Madrasa and on the opetation of said memo No. 7 (bearing No. 37.00.0000.072.06.019.13.67 dated 23.06.2016.) and therefore, in my opinion Mr.Mohammad Abdus Samad, Assistant professor (Bangla), the senior most teacher of the said Madrasa and the relevant Deputy Commissioner can validly sign the M.P.O Bill to draw the salary of the teachers and staffs of the said Madrasa, in compliance with the Memo Nos. 3,4,5 and referred to in your said letter dated 01.01.2018."

০৮. উপরিউক্ত মতে বর্ণিত মাদরসার জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোঃ আব্দুছ ছামাদ, সহকারী অধ্যাপক,বাংলা **(ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে)** এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষরে বেতন-ভাতা উত্তোলন বিষয়ে কোন বাধা নেই মর্মে প্রতীয়মান হয়।

০৯. এমতাবস্থায় হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার গভর্ণিং বডি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষ দায়িত্ব প্রাপ্ত না হওয়া পর্যন্ত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সূত্রের ৪ নং স্মারক আদেশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ৫, ৬ ও ৭ নং স্মারক আদেশ এবং সর্বোপরি জনাব মোঃ রাফিউল ইসলাম বিজ্ঞ আইনজীবি,সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ ও লিগ্যাল এডভাইজার,মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর ৯ নং স্মারক আদেশ অনুসরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে ১১ ফর্দ।

01.03.18
( মোঃ আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক (সরঃ ও সিনিঃ মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং-৯৩৪৫৮৮০
ই-মেইল-dgmeb.@gmail.com

১.জেলা প্রশাসক, ঢাকা।
২. জনাব মোঃ আব্দুছ ছামাদ,সহকারী অধ্যপক ,বাংলা ও **ভারপ্রাপ্ত অধ্যক্ষ**, হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসা।

অনুলিপিঃ

১.উপ পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল।
২. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৩.থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,মিরপুর,ঢাকা।
৪. ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, মিরপুর-১ শাখা/সংশ্লিষ্ট ব্যাংক।
৫.অফিস